

ঠাকুরগাঁও সরকারী কলেজ

দ্বাদশ শ্রেণীর ~~অ্যামাইন~~ মে-১৪ ২০২০

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-২য় পত্র

বিষয় কোড- ২১৭

পূর্ণমান: ৩০

(যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও)

- ১। বেলাল হাসান কক্সবাজারে ২০০২ সালের প্রতিষ্ঠিত 'হলিডে প্লাস' নামে একটি আবাসিক হোটেল পরিচালনা করেন। প্রথম দিকে লাভজনক থাকলেও বর্তমানে এ খাতে প্রতিযোগিতা অনেক বেড়ে গেছে। বর্তমানে তিনি কক্সবাজারে বিকল্প কোনো ব্যবসায় শুরু করার কথা ভাবছেন।
- ক. চাহিদা কী? ১
- খ. বিক্রয় বলতে কী বোঝায়? ২
- গ. 'হলিডে প্লাস' হোটেলটি বাজারজাতকরণের ক্রমবিকাশের পর্যায়ের কোন যুগের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কী মনে করো প্রতিযোগিতার ফলে ভোক্তারা উপকৃত হয়? যুক্তিসহ লেখো। ৪
- ২। 'লাবিব ফুটওয়্যার' সাভারে নিজস্ব কারখানায় উৎপাদিত জুতা দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রয় করছে। বর্তমানে প্রতিযোগিতা বেড়ে যাওয়ার প্রতিষ্ঠানটি খুব একটি মুনাফা অর্জন করতে পারছে না। 'লাবিব ফুটওয়্যার' বর্তমান প্রযুক্তির বাজারজাতকরণ কৌশল ব্যবহারের কথা ভাবছে।
- ক. প্রয়োজন কী? ১
- খ. বিক্রয় বলতে কী বুঝায়? ২
- গ. সাভার থেকে দেশের বিভিন্ন অঞ্চলে জুতা নেয়ার মাধ্যমে 'লাবিব ফুটওয়্যার' কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কী মনে করো দক্ষ বাজারজাতকরণ শিল্প উন্নয়নে সহায়ক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৩। জনাব ফারুক একটি প্লাস্টিক কারখানার মালিক। তাঁর কারখানায় তিনি ক্রেতাদের উদ্দেশ্যে বিভিন্ন ধরনের পণ্য যেমন: চেয়ার, টেবিল, বালতি ইত্যাদি উৎপাদন করে তা বিভিন্ন দোকানে বাজারজাত করে বিক্রয় করেন। ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তিনি বিভিন্ন পত্রিকায়, টেলিভিশনে এবং বিলবোর্ডে বিজ্ঞাপন দিয়ে থাকেন।
- ক. 4C গুলোর নাম লেখো। ১
- খ. বাজারজাতকরণ মিশ্রণ বলতে কী বোঝায়? ২
- গ. জনাব ফারুকের প্রতিষ্ঠানটি কোন বাজারের অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩
- ঘ. জনাব ফারুকের প্রতিষ্ঠানে বিপণন মিশ্রণের কোন উপাদানটি ফুটে ওঠেছে? বিশ্লেষণ করো। ৪
- ৪। 'সাথি বাংলাদেশ লিমিটেড' হাই চয়েজ ব্রান্ডের কলম উৎপাদন করে। উক্ত কলমের উপাদান সংক্রান্ত তথ্য নিম্নরূপ:
একক প্রতি পরিবর্তনশীল ব্যয় = ১০ টাকা, মোট স্থায়ী ব্যয় = ৩,০০,০০০ টাকা, প্রত্যাশিত মোট উৎপাদন/বিক্রয়ের পরিমাণ = ৫০,০০০ একক, মোট বিনিয়োগের পরিমাণ = ১০,০০,০০০ টাকা, বিক্রয়ের উপর টার্গেট মুনাফা = ২০%।
- ক. মার্কাআপ মূল্য নির্ধারণ কী? ১
- খ. উৎপাদনের বিভিন্ন স্তরে ব্যয় বিভিন্ন রকম হয়- ব্যাখ্যা করো। ২
- গ. 'হাই চয়েজ' ব্রান্ডের প্রতিটি কলমের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৩
- ঘ. উদ্দীপকের উল্লিখিত তথ্যের ভিত্তিতে 'হাই চয়েজ' ব্রান্ডের কলমের ভারসাম্য বিন্দু নির্ণয় পূর্বক তোমার মতামত ব্যক্ত করো। ৪
- ৫। হাবিব সাহেব চীন হতে ইলেকট্রিক সামগ্রী ও যন্ত্রাংশ আমদানি করে তা দেশের বিভিন্ন উৎপাদনকারী প্রতিষ্ঠান সরবরাহ করেন। তিনি পণ্যের প্রচলিত বিজ্ঞাপন না দিয়ে তার কিছু বিক্রয়কর্মীর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে তার প্রচার করে থাকেন। এতে তার ব্যয়ও কম হয়।
- ক. রিবেট কী? ১
- খ. পণ্যের জীবনচক্রের কোন স্তরে বণ্টন প্রণালি হ্রাস করা হয়? ২
- গ. হাবিব সাহেব কোন ধরনের পণ্য দ্বারা ব্যবসায় করেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পণ্যের ধরন বিবেচনায় সিফাত সাহেবের বাজার উন্নয়ন পদ্ধতি কী যৌক্তিক? মতামত দাও। ৪